
# ধান ফসলে কালোমাথা মাজরা পোকার আক্রমণ ও প্রতিকার

বাংলাদেশে তিন ধরনের মাজরা পোকা ধানের ক্ষতি করে থাকে। যেমন ঃ হলুদ মাজরা পোকা, কালোমাথা মাজরা পোকা এবং গোলাপী মাজরা পোকা। এই পোকাগুলোর কীড়ার রং অনুযায়ী তাদের নামকরণ করা হয়েছে। কালোমাথা মাজরা পোকা শুধু কীড়া অবস্থায় গাছের ক্ষতি করতে পারে। ডিম থেকে সদ্য ফোটা কীড়াগুলো দু'চারদিন গাছের খোলপাতার মধ্যে খায়। তারপর খেতে খেতে গাছের কান্ডের মধ্যে চলে যায় এবং খাওয়ার এক পর্যায়ে গাছের মাঝখানের ডিগ কেটে ফেলে। ফলে ডিগ মারা যায়। গাছে শীষ বা ছড়া আসার আগে এরকম ক্ষতি হলে একে 'মরা ডিগ' বলে। 'মরা ডিগ' হলে সে গাছে আর ধানের শীষ বের হয় না। আর গাছে থোর হওয়ার পর বা শীষ আসার সময় যদি কীড়াগুলো ডিগ কেটে দেয় তাহলে শীষ মারা যায় একে 'সাদা শীষ' বলে। এর ফলে শীষের ধান গুলো চিটা হয়ে যায় এবং শীষ সাদা হয়ে যায়।


পূর্ণবয়স্ক পোকা


ডিম


লার্ভা


পিউপা


মরা ডিগ


সাদা শীষ

দীর্ঘদিন থেকে বাংলাদেশে হলুদ মাজরা পোকার আক্রমণ বেশি পরিলক্ষিত হলেও গত ২-৩ বৎসর যাবৎ দেশের রংপুর, রাজশাহী ও কুষ্টিয়া অঞ্চলসহ কিছু কিছু এলাকায় কালোমাথা মাজরা পোকার আক্রমণ বেশ পরিলক্ষিত হচ্ছে। গত বৎসর ব্রি, গাজীপুরে মাজরা পোকা আক্রান্ত মরা ডিগ ও সাদা শীষ সংগ্রহ করে গবেষণা করা হয়েছে। ফলাফলে দেখা যায় আউশ, রোপা আমন এবং বোরো তিন মওসুমেই কালোমাথা মাজরা পোকার উপস্থিতি ছিল। আউশ মওসুমে এর পরিমাণ সবচেয়ে বেশী (৫০.৪৪%)।

কালোমাথা মাজরা পোকা ধানসহ বিভিন্ন দানা জাতীয় ফসল যেমন: গম, ভূট্টা এবং ইক্ষু ফসলেও আক্রমণ করতে পারে। কালোমাথা মাজরা পোকা কখনই সুপ্ত অবস্থায় থাকে না। আবহাওয়া পরিবর্তন, ধারাবাহিক ফসল চাষ এবং পোষক (Host) ফসলের উপস্থিতির উপর নির্ভর করে সারা বছরই এ পোকা স্বাভাবিক জীবনচক্র সম্পন্ন করতে পারে, ফলে পপুলেশন বেড়ে যায়। মাঠে ধান ফসল না থাকলে অন্য ফসলেও এ পোকা জীবনচক্র সম্পন্ন করতে পারে। একটি ধানের কুশিতে ৩০-৪০টি পর্যন্ত এ পোকার লার্ভার উপস্থিতি দেখা গেছে। সে কারণে যে এলাকায় এ পোকার আক্রমণ ঘটে সেখানে ক্ষতির মাত্রা তুলনামূলকভাবে বেশি হতে পারে।

**এই পোকার হাত থেকে ধান ফসল রক্ষার জন্য-**

১. ক্ষেতে ডাল-পালা পুঁতে দিয়ে পোকা খেকো পাখির সাহায্যে পোকার সংখ্যা কমানো যায়।
২. হাত জাল দিয়ে পোকা ধরে মেরে ফেলুন।
৩. সন্ধ্যার সময় আলোক ফাঁদের সাহায্যে মথ আকৃষ্ট করে মেরে ফেলুন।
৪. ক্ষেতে মরা ডিগ শতকরা ১০-১৫ ভাগ অথবা মরা শীষ শতকরা ৫ ভাগ পাওয়া গেলে কীটনাশক প্রয়োগ করতে হবে। পূর্বে এ পোকার আক্রমণ না থাকায় এ পর্যন্ত কালোমাথা মাজরা পোকার কোন অনুমোদিত কীটনাশক নেই। তবে বেল্টএক্সপার্ট ৪৮এসপি, সানটাপ ৫০এসপি, মাইনেকটো এক্সটা ৪০এসসি, বাতির ৯৫এসপি লেবেলে উল্লিখিত মাত্রায় ব্যবহার করে এ পোকা দমন করা যেতে পারে। কালোমাথা মাজরা পোকা আক্রান্ত এলাকায় কৃষকদের মাঝে অতিদ্রুত এ সমস্ত ব্যবস্থাপনা পৌঁছে দেওয়া হচ্ছে।

কীটতত্ত্ব বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
www.brri.gov.bd